"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৩.৩৩.০০৬.১৯-৬৭২২ তারিখঃ ২৬ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

বিষয়: Unique ID (UID) প্রাপ্ত শিক্ষার্থীদের জন্ম তারিখের সাল সংশোধনের আবেদন না গ্রহণ বা সম্মতি না করণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। অনেক ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্ম সনদের বয়স সংশোধনে জন্ম তারিখের বছর বা জন্ম সাল পরিবর্তনের জন্য আবেদন করা হয়। এ সকল আবেদনের মধ্যে UID প্রাপ্ত আবেদনসহ অগ্রগামী করা হয়। এর আদলে শিক্ষার্থীদের বয়স সংশোধন করা হলে UID প্রাপ্ত ব্যক্তির তথ্য উলট-পালট হয়ে যায়। ইতোমধ্যে ১ কোটি ৬ লক্ষ জন্ম নিবন্ধন নম্বরের বিপরীতে UID তৈরী হয়েছে। উহা জন্ম ও মৃত্যু নিবন্ধন এর BDRIS, NID ডাটাবেইজে সংরক্ষিত আছে। এখান হতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর পক্ষে BANBEIS ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ক্ষেত্রে DPE সংগ্রহ করে। জন্ম নিবন্ধনের বিপরীতে তৈরীকৃত UID এর তথ্য NID, BANBEIS ও DPE তে অবিকৃত থাকার নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় উক্ত জন্ম নিবন্ধনসমূহের জন্ম তারিখ পরিবর্তন করা হলে জন্ম নিবন্ধন নম্বর পরিবর্তিত হবে, ফলে BDRIS, NID, BANBEIS ও DPE তে জন্ম নিবন্ধন নম্বরের গড়মিল বা এলোমেলো হয়ে যাবে তথা Synchronization থাকবে না। ইহা পরবর্তিতে শিক্ষার্থীদের NID সৃজনে সমস্যা হবে।

০২। তাই, UID প্রাপ্ত শিক্ষার্থী/সেবাপ্রার্থীর জন্ম নিবন্ধনে জন্ম তারিখ বা সাল সংশোধনের আবেদন গ্রহণ এবং এ অফিসে অগ্রগামী না করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোন শিক্ষার্থী অনুকূলে সৃষ্ট UID BDRIS-এর Advance Search option-এ পাওয়া যাবে। ইহা যাচাই করে সংশোধনের আবেদন গ্রহণ এবং অগ্রগামী করার পরামর্শও দেয়া হলো।

মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ০২২২৩৩৮৬৬০৬
ই-মেইল- rg@orgbdr.gov.bd

বিতরণ:

০১। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), ... ।
০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ... ।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। জেলা প্রশাসক (সকল) .....
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জনাব ফাহমিদা শিরিন, প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন। (পত্রটি এ কার্যালয়ের ওয়েসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৪। সহকারী রেজিস্ট্রার জেনারেল (সকল), রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।